



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৭-০২-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

সাবেক ফিফা সহকারী রেফারী জনাব সুজিত কুমার ব্যানার্জী বিগত ২০০৩ সাল হতে বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক আয়োজিত ফুটবল প্রতিযোগিতার খেলা পরিচালনাসহ বিভিন্ন স্থানীয় ও আন্তর্জাতিক ফুটবল ম্যাচ অদ্যাবধি পরিচালনা করে আসছেন। বর্তমানে তিনি রেফারীং কার্যক্রম হতে অবসর গ্রহণ করবেন। এ প্রেক্ষিতে তিনি আগামীকাল ২৮ ফেব্রুয়ারী ২০২১ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিতব্য আবাহনী লিঃ ঢাকা বনাম বসুন্ধরা কিংস এর মধ্যকার খেলায় অবসর গ্রহণ করবেন।

জনাব সুজিত কুমার ব্যানার্জীর অবসর গ্রহণ অনুষ্ঠানে সকল ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়ার সম্মানিত ক্রীড়া সাংবাদিক এবং ফটো সাংবাদিকবৃন্দকে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে উপস্থিত থাকার জন্য আন্তরিকভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।